

পর্যটন কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে উপস্থিতি নিয়ে কঠোর নির্দেশনা

- A Monitor Desk Report

Date: 16 October, 2024



ঢাকাঃ নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগের বিষয়ে কঠোর নির্দেশনা দিয়েছে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন (বাপক)।

মঙ্গলবার (১৫ অক্টোবর) বাপকের মহাব্যবস্থাপক (প্রশাসন) মোহাম্মদ সফিউজ্জামান ভূঁইয়া স্বাক্ষরিত অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

অফিস আদেশে বলা হয়েছে, সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, প্রধান কার্যালয়ের সকল বিভাগ/শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সকাল ৯টার মধ্যে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ এবং বিকেল ৫টার আগে অফিস ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

একই সঙ্গে স্ব স্ব শাখার হাজিরা বহিতে দৈনিক হাজিরা স্বাক্ষর প্রদানের পাশাপাশি অফিসের প্রধান ফটকের ডিজিটাল হাজিরা সিস্টেম ব্যবহার করে আগমন ও বহির্গমন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আদেশটি অমান্য করলে 'সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯' এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানানো হয়েছে।

তবে বিশেষ প্রয়োজনে অফিস চলাকালীন স্ব স্ব বিভাগ/শাখার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার যথোপযুক্ত অনুমোদন সাপেক্ষে কর্মস্থল ত্যাগ করা যাবে বলেও আদেশে উল্লেখ করা হয়েছে।

-B